...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
তথ্য ও অভিযোগ শাখা

তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ জেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	এম কাজী এমদাদুল ইসলাম জেলা প্রশাসক
সভার তারিখ	১২ অক্টোবর, ২০২০
সভার সময়	দুপুর ১২:০০ টা
স্থান	Zoom Application এর মাধ্যমে
উপস্থিতি	উপস্থিতির বিবরণী পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে এ কার্যালয়ের উপপরিচালক, স্থানীয় সরকার বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং কার্যবিবরণীতে কোনরুপ পরিবর্তন বা সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

২। সভায় উপস্থিত সকলের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১	তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, পদবী ও নেইম প্লেইট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কক্ষের সামনে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং প্রতিটি দপ্তরের দৃশ্যমান স্থানে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন নাম্বার, দাপ্তরিক ইমেইল ও ওয়েব এড্রেস লিখে সাইনবোর্ড স্থাপন করতে হবে। বিষয়টি পরবর্তী সভার পূর্বেই বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর
২	প্রত্যেক দপ্তরের ওয়েবপোর্টালে তথ্য প্রদানকারী কর্মকর্তার নাম, মোবাইল নম্বর ও ই-মেইল হালনাগাদ করতে হবে। সকল দপ্তরের ওয়েবসাইটে সংশ্লিষ্ট তথ্য প্রদানকারী কর্মকর্তা, বিকল্প তথ্য প্রদানকারী কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের নাম, মোবাইল নম্বর ও ই-মেইল প্রদর্শন করতে হবে এবং বিষয়টি পরবর্তী সভার পূর্বেই বাস্তবায়ন করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর
৩	প্রত্যেক দপ্তরের ওয়েবপোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। পরবর্তী সভার পূর্বে নির্দিষ্ট ছক অনুযায়ী সকল দপ্তরকে তথ্য প্রদান করতে হবে (ছক সংযুক্ত)।	১. সংশ্লিষ্ট সকল দপ্তর ২. সদস্য সচিব, জেলা কমিটি
৪	আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমের মাধ্যমে অনলাইনে তথ্য প্রাপ্তির আবেদন করা যায়। একইসাথে আপীল এবং তথ্য কমিশনে অভিযোগও করা যায়। বিষয়টি জনসাধারণের অবগতির জন্য প্রচার করতে হবে। তথ্য কমিশনের ওয়েবসাইটে অথবা http://rtitracking.infocom.gov.bd লিংক হতে আবেদনকারী, দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষকে নিবন্ধন করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর
৫	জেলা ও উপজেলা পর্যায়ের দপ্তরসমূহের সকল কর্মকর্তা/ কর্মচারী-কে নিজ উদ্যোগে তথ্য কমিশন এর ওয়েবসাইট হতে অথবা সরাসরি http://infocom.portal.gov.bd লিংক হতে পরবর্তী সভার পূর্বেই অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর
৬	প্রত্যেক দপ্তরের সেবা ও তথ্য বিবরণী সংশ্লিষ্ট একটি প্রকাশনা হার্ডকপি আকারে অবশ্যই প্রকাশ করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর
৭	তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির সভা প্রতি দুই মাসে একবার আবশ্যিকভাবে করতে হবে। সংশ্লিষ্ট সভার কার্যবিবরণী মন্ত্রিপরিষদ বিভাগ, তথ্য কমিশন, বিভাগীয় ও জেলা কমিটির নিকট প্রেরণ করতে হবে এবং তা ওয়েবসাইটে আপলোড করতে হবে।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)

৮	তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়নের নিমিত্ত প্রত্যেক দপ্তরের সাথে সংশ্লিষ্ট তথ্য তার নিজস্ব ওয়েবসাইটে প্রদর্শন করতে হবে এবং ওয়েবসাইট নিয়মিত হালনাগাদ করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর
৯	প্রত্যেক অফিসের তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগের পর প্রজ্ঞাপন করতে হবে। তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগের পর প্রজ্ঞাপন হয়েছে কিনা সেটি পরবর্তী সভার পূর্বে আবশ্যিকভাবে অবহিত করতে হবে।	সংশ্লিষ্ট সকল দপ্তর
১০	উপজেলা নির্বাহী অফিসার (সকল) অনলাইন ট্র্যাকিং সিস্টেমে নিবন্ধন ও তথ্য প্রদানকারী কর্মকর্তার প্রজ্ঞাপন করতে নির্দেশনা প্রদান করা হয় এবং একইসাথে সংশ্লিষ্ট সবাইকে একই নির্দেশনা প্রদান করা হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তর
১১	স্ব প্রণোদিত তথ্য ওয়েবসাইটে আপলোড করতে এবং সেবা প্রদানের বাৎসরিক প্রকাশনা আপলোড করতে সংশ্লিষ্ট সবাইকে নির্দেশনা প্রদান করা হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তর
১২	সংশ্লিষ্ট প্রতিটি দপ্তরের সকল ধরনের তথ্য হালনাগাদ করতে হবে নির্দেশনা প্রদান করা হয়।	সংশ্লিষ্ট সকল দপ্তর
১৩	উপজেলা পর্যায়ে তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির সভা হয়েছে কিনা তা জানানোর জন্য উপজেলা নির্বাহী অফিসার (সকল) কে নির্দেশনা প্রদান করা হয়।	উপজেলা নির্বাহী অফিসার (সকল)

পরিশেষে আর কোন আলোচনা না থাকায় অংশগ্রহণকারী সকল সদস্যকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪৬.৯১০০.০২১.২২.০০৮.১৯.৩১৬

তারিখ: ৫ কার্তিক ১৪২৭
২১ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব , সচিব এর দপ্তর, তথ্য কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা
৩) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সিলেট।
৪) পুলিশ সুপার, সিলেট
৫) উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬) সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, জেলা সিভিল সার্জনের কার্যালয়, সিলেট
৭) অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), সিলেট
৮) উপজেলা চেয়ারম্যান, সিলেট সদর, সিলেট
৯) অধ্যক্ষ, সিলেট সরকারী মহিলা কলেজ, সিলেট
১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
১১) নির্বাহী প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, সিলেট
১২) উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট
১৩) উপপরিচালক, উপপরিচালকের কার্যালয়, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট
১৪) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট
১৫) উপপরিচালক, জেলা তথ্য অফিস, সিলেট
১৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিলেট
১৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট

১৮) উপপরিচালক , উপপরিচালকের কার্যালয়,মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট

১৯) সভাপতি, সিলেট জেলা প্রেসক্লাব, সিলেট

২০) সভাপতি, সিলেট জেলা বার অ্যাসোসিয়েশন, সিলেট

২১) সভাপতি, সিলেট চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, সিলেট

২২) সহ-সভাপতি, জেলা মহিলা ক্রীড়া সংস্থা, সিলেট

২৩) জেলা ব্র্যাক প্রতিনিধি, ব্র্যাক, সিলেট

২৪) প্রজেক্ট কো-অর্ডিনেটর, সীমান্তিক, সিলেট

২৫) সভাপতি, সিলেট উইমেন্স চেম্বার অব কমার্স, সিলেট

২৬) সুশীল সমাজ প্রতিনিধি, সিলেট

২৭) জনাব, ..., সিলেট

এম কাজী এমদাদুল ইসলাম
জেলা প্রশাসক

পরিশিষ্ট – 'ক'

সভায় অংশগ্রহণকারী সদস্যবৃন্দের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সিভিল সার্জন, সিভিল সার্জনের কার্যালয়, সিলেট
২। উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট
৪। উপপরিচালক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, সিলেট
৫। সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৬। অধ্যক্ষ, সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট
৭। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট
৮। সহকারী জেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিস, সিলেট
৯। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, সিলেট
১০। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট
১১। প্রতিনিধি, আইডিয়া, সিলেট
১২। ডিইডি, সীমান্তিক, সিলেট
১৩। ডিএম, ব্র্যাক, সিলেট

দপ্তরের নাম:

_______________মাসের তথ্য

ক্রমিক	বিষয়		সর্বশেষ তথ্যাদি	মন্তব্য
১	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষ নির্ধারণ হয়েছে কিনা?			
২	বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নির্ধারণ হয়েছে কিনা?			
৩	তথ্য প্রদানকারী কর্মকর্তা নিয়োগের পর প্রজ্ঞাপন করা হয়েছে কিনা?			
৪	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও আপীল কর্তৃপক্ষের নাম পদবীসহ অন্যান্য তথ্য প্রকাশ	ওয়েবসাইট		
		নোটিশবোর্ড		
৫	তথ্য প্রাপ্তির জন্য আবেদন সংখ্যা			
৬	সরবরাহকৃত তথ্যের সংখ্যা			
৭	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে আপীল সংখ্যা			
৮	আপীল নিষ্পত্তির হার			
৯	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার বিরুদ্ধে কমিশনে অভিযোগ সংখ্যা			
১০	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে কিনা?			
১১	অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করেছেন এমন কর্মকর্তার সংখ্যা			
১২	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা আরটিআই অনলাইন ট্র্যাকিং সিস্টেমে (rtitracking.infocom.gov.bd) নিবন্ধন সম্পন্ন করেছেন কিনা?			
১৩	তথ্য অধিকার বাস্তবায়নে অবেক্ষণ (সুপারভিশন) ও পরিবীক্ষণ উপজেলা কমিটির সভা হয়েছে কিনা?			

স্বাক্ষর:
নাম:
পদবী: